# European University of Bangladesh
2/4, Gabtoli, Mirpur, Dhaka-1216
Website: www.eub.edu.bd, E-mail: info@eub.edu.bd





স্মারক নং-ইইউবি/অতিঃরেজিঃ-৩/ফাঃনং-১৩৪/২০২৬-৭০০ তারিখঃ ২৩ আগস্ট ২০২৬ খ্রি:

## বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের সার্বিক ব্যয় নিয়ন্ত্রণ, সম্পদের যথাযথ ব্যবহার এবং দায়িত্বশীল কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে বিদ্যুৎ, জ্বালানি ও পানির সুষ্ঠু ব্যবস্থাপনা, অপচয় রোধ এবং সাশ্রয়ী ব্যবহার অত্যন্ত জরুরি। এ লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সকলকে নিম্নোক্ত বিষয়সমূহ যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

১। প্রয়োজন ব্যতীত কোনো কক্ষ, অফিস, ল্যাবরেটরি, শ্রেণিকক্ষ বা অন্যান্য স্থানে লাইট, ফ্যান, এয়ার কন্ডিশনার (AC) ও অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি চালু রাখা যাবে না;

২। কক্ষ বা অফিস ত্যাগ করার সময় সংশ্লিষ্ট সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি, লাইট, ফ্যান ও এয়ার কন্ডিশনার (AC) যথাযথভাবে বন্ধ করতে হবে;

৩। দিনের বেলায় পর্যাপ্ত প্রাকৃতিক আলো বিদ্যমান থাকলে বৈদ্যুতিক বাতি ব্যবহার পরিহার করে জানালা খোলা রেখে প্রাকৃতিক আলো ব্যবহারে উৎসাহিত হতে হবে;

৪। এয়ার কন্ডিশনার (AC) ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ন্যূনতম ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার ঊর্ধ্বে নির্ধারণ করতে হবে। দরজা-জানালা খোলা রেখে এয়ার কন্ডিশনার (AC) ব্যবহার করা থেকে বিরত থাকতে হবে;

৫। পানি ব্যবহারের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। কল খোলা রেখে পানি অপচয় করা যাবে না এবং ব্যবহারের পর ভালোভাবে কল বন্ধ করতে হবে। কোথাও পানির অপচয়, লিকেজ বা ত্রুটি পরিলক্ষিত হলে দ্রুত সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করতে হবে;

৬। বিশ্ববিদ্যালয়ে বিদ্যুৎ বিহীন অবস্থায় জেনারেটর চালু রাখা এবং অন্যান্য ক্ষেত্রে জ্বালানির প্রয়োজনীয় ও সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত করতে হবে;

বিদ্যুৎ, জ্বালানি ও পানি সাশ্রয় করা শুধু ব্যয় কমানোর বিষয় নয়; এটি আমাদের সামাজিক ও প্রাতিষ্ঠানিক দায়িত্ব। তাই অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে আন্তরিক সহযোগিতা ও দায়িত্বশীল ভূমিকা পালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।**

২৩.০৮.২০২৬

**ড. এস. এম জোবায়ের এনামুল করিম**
রেজিস্ট্রার

অনুলিপি (জ্ঞাতার্থে)

১. Professor Dr. Muhammad Mezbah-ul-Islam - Chairman, Board of Administrators, EUB.

কার্যার্থে অনুলিপিঃ

১। **অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী।**

২। Mr. Mohammad Tanveer Rahman, কো-অর্ডিনেটর, **BoA**, ইইউবি (**চেয়ারম্যান, BoA মহোদয়ের দৃষ্টিগোচর করার জন্য**)।